গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০০.১৬.১৭৩(১).১৬/৪৯৯ তারিখ: ২৬/০৬ ২০২৩ খ্রি:

বিষয়: **ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২): প্রাণিসম্পদ অধিদপ্তর অংগের আওতায় পরিচালিত সিআইজি, পিও, FIAC, CEAL ইত্যাদি কর্মকান্ড অব্যাহত রাখা প্রসংগে।**

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত) এর মেয়াদ আগামী ৩০ জুন, ২০২৩ খ্রি: তারিখে সমাপ্ত হবে। এনএটিপি-২: প্রাণিসম্পদ অংগের আওতায় প্রকল্পভূক্ত ৫৭টি জেলার ২৭০টি উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হয়। প্রকল্পভূক্ত ২৭০টি উপজেলার প্রতিটি ইউনিয়নে ৩টি করে মোট ৮০৮২টি কমন ইন্টারেস্ট গ্রুপ (সিআইজি) গঠন করা হয়। মোট ২০৭৭৫০ জন প্রাণিসম্পদ লালনপালনকারী খামারীকে সিআইজিতে অন্তর্ভূক্ত করা হয় যার মধ্যে ৪৪.৫০% নারী খামারী। ইতোমধ্যে প্রায় সকল সিআইজি সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধন পেয়েছে। সিআইজি সদস্যদেরকে প্রশিক্ষণসহ প্রয়োজনীয় প্রযুক্তি সম্প্রসারণ কর্মকান্ড পরিচালনার মাধ্যমে আধুনিক পদ্ধতিতে প্রাণি লালনপালনে প্রশিক্ষিত করা হয়েছে । সংগঠিত সিআইজিসমূহকে প্রাণিসম্পদ লালন পালনে প্রয়োজনীয় সম্প্রসারণ সেবা প্রদানের জন্য প্রতি ইউনিয়নে ১জন করে সম্প্রসারণ কর্মী (কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ফর লাইভস্টক-CEAL) নিয়োজিত করা হয়েছে। খামারীদের দোরগড়ায় সম্প্রসারণ সেবা কার্যক্রম পৌছানোর জন্য ১৬২১টি ইউনিয়ন পরিষদ ভবনে কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্র-ফিয়াক (Farmer's Information and Advice Centre-FIAC) প্রতিষ্ঠা করা হয়েছে। সিআইজিসমূহ সদস্যদের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে দলীয় তহবিল গঠন করেছে এবং বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম পরিচালনা করছে। এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-এর আওতায় ম্যাচিং গ্র্যান্ট সহায়তার মাধ্যমে খামার যান্ত্রিকীকরণ এবং বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে গ্রুপের সম্পদ বৃদ্ধি করছে। ফলশ্রুতিতে সিআইজি সমূহের Sustainability-র সুযোগ তৈরি হয়েছে। সিআইজিসমূহের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তি তথা বাজার সংযোগ কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে নির্বাচিত ৬০টি উপজেলায় ১২০টি Producer's Organization (PO) গঠন করা হয়েছে। স্থানীয় পর্যায়ে উদ্যোক্তা তৈরি এবং উৎপাদিত পণ্যের বাজার সংযোগ উন্নয়নের জন্য সিআইজি ও PO-কে কেন্দ্র এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড (AIF-3) এর আওতায় চিলিং প্লান্ট, কুল ভ্যান, মিনি হ্যাচারি, ফিড ক্রাশিং/মিক্সিং মেশিন ইত্যাদি স্থাপন করা হয়েছে।

এনএটিপি-২ এর মাধ্যমে পরিচালিত ও প্রতিষ্ঠিত উল্লেখিত কর্মকান্ড ও প্রতিষ্ঠান সমূহ যেমন সিআইজি, ফিয়াক, পিও, সিল, AIF-2 & 3 এর আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও মালামাল ইত্যাদি কার্যক্রম যথাযথভাবে চলমান রাখার নিমিত্ত প্রকল্প থেকে একটি Exit Plan প্রণয়ন করা যা কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত Exit Plan অনুযায়ী নিম্নোক্ত কর্মকান্ডসমূহ চলমান রাখার জন্য DLS মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলোঃ

**০১। সিআইজির কার্যক্রম:** প্রকল্পের আওতায় গঠিত সিআইজিসমূহের কার্যক্রম টেকসই করার জন্য নিম্নোক্ত কার্যক্রম বিভাগীয় জনবল দ্বারা অব্যাহত রাখতে হবে-

- নিয়মিত মাসিক সভা অনুষ্ঠিত করা।
- সঞ্চয় কার্যক্রম চলমান রাখা এবং ব্যাংক হিসাব চলমান রাখা।
- নিবন্ধিত সিআইজির নিবন্ধন নবায়ন করা।
- সিআইজির মালিকানাধীন যন্ত্রপাতি ও মালামাল যথাযথভাবে সংরক্ষণ করা।
- সিআইজি পর্যায়ে রক্ষিত রেজিষ্টারসমূহ হালনাগাদ রাখা।
- সিআইজি সদস্যদেরকে প্রয়োজনীয় সম্প্রসারণ সেবা প্রদান অব্যাহত রাখা।

**০২। ফিয়াক কার্যক্রম** : প্রাণিসম্পদ সম্প্রসারণ সেবা খামারীদের দোরগড়ায় পৌঁছানোর লক্ষ্যে প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে ১৬২১টি ফিয়াক স্থাপন করা হয়। এনএটিপি-২: প্রাণিসম্পদ অংগের আওতায় নিয়োজিত সিলবৃন্দ নিয়মিতভাবে ফিয়াকে আগত খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদান করছে। ফিয়াকের মাধ্যমে চলমান সেবা প্রদান কার্যক্রম প্রকল্প সমাপ্তির পরও অব্যাহত রাখতে হবে। প্রকল্প থেকে ফিয়াকে বরাদ্দকৃত মালামাল ও আসবাবপত্র ফিয়াকে ব্যবহৃত হতে থাকবে।

**০৩। প্রডিউসারস অর্গানাইজেশন (পিও)-র কাযক্রম:** খামারীদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে প্রকল্পের আওতায় ৩৯টি জেলার ৬০টি উপজেলায় ১২০টি পিও গঠন করা হয়। পিও-কে কেন্দ্র করে খামারীদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে প্রকল্প থেকে প্রশিক্ষণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়। যেমন এআইএফ-৩ কার্যক্রমের আওতায় স্থানীয় উদ্যোক্তাদের মাধ্যমে চিলিং প্ল্যান্ট স্থাপন, পিক-আপ ভ্যান, কুলিং ভ্যান ইত্যাদি সরবরাহ করা হয়। এছাড়াও ১৩টি স্থানে উৎপাদিত পণ্যের বাজার সৃষ্টিতে Show Casing কার্যক্রম পরিচালনা করা হয়। প্রকল্প সমাপ্তির পর উল্লেখিত কার্যক্রম সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিয়মিতভাবে তদারকি ও মনিটরিং করতে হবে। এছাড়াও পিও গুলোর সাংগঠনিক কার্যক্রম যেমন নিয়মিত মাসিক সভা আয়োজন করা, সঞ্চয় কার্যক্রম , ব্যাংক হিসাব পরিচালনা, নিবন্ধন নবায়ন ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ অফিস কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখতে হবে।

**০৪। AIF-2 এবং AIF-3 কার্যক্রমের আওতায় সংগৃহীত মালামাল ও যন্ত্রপাতির ব্যবহার কার্যক্রমঃ** খামার যান্ত্রিকীকরণ, সিআইজির আয়বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, স্থানীয় উদ্যোক্তা তৈরি ইত্যাদি কার্যক্রম গ্রহণে প্রকল্প হতে ১০৮০টি সিআইজিকে এবং ১৮৩ জন উদ্যোক্তাকে যথাক্রমে AIF-2 এবং AIF-3 এর আওতায় ম্যাচিং গ্র্যান্ট প্রদান করা হয়েছে। ম্যাচিং গ্র্যান্টের মাধ্যমে সংগৃহীত মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট সিআইজি বা উদ্যোক্তার মালিকানায় থাকবে। তবে সংগৃহীত মালামাল, গবাদিপশু এবং যন্ত্রপাতি যথাযথভাবে ব্যবহার হচ্ছে কি না তা সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।

**০৫। পিআইইউ, এনএটিপি-২, প্রাণিসম্পদ অংগ হতে সরবরাহকৃত মালামাল, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি সংরক্ষণঃ** এনএটিপি-২: প্রাণিসম্পদ অংগ হতে উপজেলা ও জেলা পর্যায়ে সরবরাহকৃত মালামাল, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার করতে হবে। সরবরাহকৃত মালামাল, যন্ত্রপাতি, যানবাহন ইত্যাদি ষ্টক রেজিষ্টারে যথাযথভাবে লিপিবদ্ধ ও হালনাগাদ রাখতে হবে।

**০৬। অডিট এবং Impact Assessment-র জন্য প্রকল্পের সকল প্রকার তথ্য, রেজিষ্টার, হিসাব বহিসমূহ এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয় সংরক্ষণঃ** প্রকল্পের সকল প্রকার তথ্য রেজিষ্টার, বিল ভাউচার, বরাদ্দ রেজিষ্টার, ক্যাশবই ইত্যাদি প্রয়োজনীয় ডকুমেন্টস প্রকল্প সমাপ্তির পর কমপক্ষে ৫ বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

২৮/০৫/২০১৮

ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণঃ

১-৩। পরিচালক, (প্রশাসন/বাজেট/সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।

৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভূক্ত ৫৭টি জেলা ।

৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভূক্ত ২৭০টি উপজেলা।

সদয় অবগতি:

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকষণ: মু. মাহমুদ উল্লাহ মারুফ, সচিবের একান্ত সচিব)।

২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ ।। প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্তর, ফার্মগেট, ঢাকা।